

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আসাদুল ইসলাম, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ-৩৩২, ভবন-৩)।

তারিখ ও সময় : ০৩.০৩.২০১৯ খ্রিঃ, বেলা: ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-‘ক’ তে সন্নিবেশিত।

সভাপতির উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি নতুন যোগদানকৃত কর্মকর্তা- কাজী জেবুন্নেছা বেগম, অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য অনুবিভাগ), আবু হেনা মোরশেদ জামান, অতিরিক্ত সচিব (পরিচালক) সিএমএসডিকে উপস্থিত সদস্যদের সাথে পরিচয় করিয়ে দেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্তে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রতি কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা ও অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহকে প্রশাসন-৪ অধিশাখায় সময়মত প্রেরণের জন্য অনুরোধ জানান এবং করোনার প্রাদুর্ভাবকালীন সময়ে উপস্থিত সকলের কুশলাদি জিজ্ঞেস করেন।

০২. অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

সভাপতি মহোদয় সভার কর্মসূচি অনুযায়ী সভার আলোচনা শুরু করার জন্য উপসচিব (প্রশাসন-৪) কে নির্দেশ দেন।

০৩. বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ ড. বিলকিস বেগম, উপসচিব (প্রশাসন-৪) সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

০৪. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ও পর্যালোচনা:

ক) আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কার: জনাব সিরাজুল ইসলাম, অতিরিক্ত সচিব (হাসপাতাল) জানান স্বাস্থ্য সেবা ও সুরক্ষা খসড়া আইনটি ফিডব্যাকের জন্য স্টেকহোল্ডারগণের নিকট প্রেরণ করা হয়েছে। স্টেকহোল্ডারগণ ফিডব্যাক দিলে খসড়া আইনটি সংশোধন করে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে এই মর্মে তিনি সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় আইনটি পাশ হওয়ার জন্য চেষ্টা অব্যাহত রাখার পরামর্শ দেন।

খ) ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ :

১. GRS সেবা বক্স হালনাগাদকরণ : সভাপতি মহোদয় GRS সেবা বক্সে অনলাইনে প্রাপ্ত অভিযোগগুলো দ্রুত সমাধা করতে এবং সেবা বক্স নিয়মিত হালনাগাদ করতে প্রশাসন-২ কে পরামর্শ প্রদান করেন।

গ) প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার :

১. এডিপি বাস্তবায়ন অগ্রগতি : ড. আ এ মোঃ মহিউদ্দীন ওসমানী, যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ তৃতীয় কোয়ার্টার পর্যন্ত প্রকল্পের অগ্রগতি ২৯.২৬% হয়েছে মর্মে জানান। সভাপতি করোনার মধ্যে ইমুনাইজেশন অব্যাহত রাখার জন্য লাইন ডাইরেক্টর, মেটারনাল নিওনেটাল চাইল্ড এন্ড এ্যাডোলসেন্ট হেলথ এবং গ্লাইমারী হেলথ কেয়ার সার্ভিসকে পত্র প্রেরণের জন্য পরিকল্পনা অনুবিভাগকে নির্দেশনা প্রদান করেন।

ঘ) স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ :

১. সিটিজেনস চার্টার বাস্তবায়ন অগ্রগতি : যুগ্মসচিব (প্রশাসন) জানান সিটিজেন চার্টার প্রিন্টিংয়ের জন্য প্রেসে রয়েছে। সভাপতি মহোদয় সিটিজেন চার্টার দ্রুত বাস্তবায়নের জন্য সকল অনুবিভাগ, অধিদপ্তর/দপ্তরকে পুনরায় নির্দেশনা প্রদান করেন।

২. হাসপাতালসমূহে ক্রয়কৃত ভারী যন্ত্রপাতি স্থাপন পরবর্তী ব্যবহার কার্যক্রম পরিদর্শন : সভাপতি জেলা পর্যায়ে হাসপাতালের ভারী যন্ত্রপাতি অনলাইন মনিটরিংয়ে হাসপাতাল অনুবিভাগকে নির্দেশনা প্রদান করেন। জনাব মোঃ হাবিবুর রহমান খান, অতিরিক্ত সচিব (প্রশাসন) পার ও হাসপাতাল অধিশাখাকে সমন্বয় করে কাজ করার পরামর্শ প্রদান করেন। সভাপতি সিভিল সার্জন ও তত্ত্বাবধায়কগণকে হাসপাতালের যন্ত্রপাতি মনিটরিং করার জন্য পার অধিশাখা থেকে পত্র প্রেরণেরও নির্দেশনা প্রদান করেন।

৩. ঔষধের খুচরা মূল্য ওয়েবসাইটে প্রকাশ: সভাপতি মহোদয় শুধুমাত্র এসেসিয়াল ড্রাগ কোম্পানি কর্তৃক উৎপাদিত ঔষধের নির্দেশকমূলক খুচরা মূল্য ওয়েবসাইটে দ্রুত প্রকাশ করার নির্দেশনা প্রদান করেন।

৪. অধিদপ্তর/দপ্তরসমূহে গণশুনানী মনিটরিং: সভাপতি অনলাইনে গণশুনানী আয়োজনের পরামর্শ দেন।

(ঙ) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমঃ

১. প্রশিক্ষণ, ওয়ার্কশপ ইত্যাদিঃ উপসচিব (প্রশাসন-৪) জানান যে, শুদ্ধাচারের ওপর তৃতীয় কোয়ার্টারের প্রশিক্ষণ বাস্তবায়িত হয়েছে। এছাড়াও শুদ্ধাচারের ওপর ফিডব্যাক ওয়ার্কশপ, চতুর্থ কোয়ার্টারের প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

২. শুদ্ধাচার পুরস্কার : উপসচিব (প্রশাসন-৪) শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০২০ প্রদানের প্রস্তাব উপস্থাপন করলে জনাব মোঃ সাইদুর রহমান, অতিরিক্ত সচিব (উন্নয়ন) একটি নিরপেক্ষ কমিটি গঠন করে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কর্মকর্তা-কর্মচারী মনোনয়নের জন্য প্রস্তাব করেন।

৪. গৃহীত সিদ্ধান্তসমূহ:

| ক্র:নং: | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---------|---|--------------------|
| ৪.১ | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইনটির পাশের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে; | হাসপাতাল অনুবিভাগ |
| ৪.২ | ইমুনাইজেশন অব্যাহত রাখার জন্য লাইন ডাইরেক্টর, মেটরনাল নিওনেটাল চাইল্ড এন্ড এ্যাডোলসেন্ট হেলথ এবং প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসকে পত্র প্রেরণ করতে হবে; | পরিকল্পনা অনুবিভাগ |
| ৪.৩ | সিভিল সার্জন ও তত্ত্বাবধায়কগণ নিয়মিত হাসপাতালের যন্ত্রপাতি মনিটরিং করবেন: পার অধিশাখাকে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন সকল সিভিল সার্জন/তত্ত্বাবধায়কগণকে হাসপাতালের ভারী যন্ত্রপাতিগুলো নিয়মিত অনলাইন মনিটরিং করা জন্য পত্র প্রেরণ করতে হবে; | প্রশাসন-২ |
| ৪.৪ | অধিদপ্তরসমূহকে গণশুনানী অনলাইনের মাধ্যমে করতে হবে; | সকল অধিদপ্তর/দপ্তর |

৫. আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

০৪.০৬.২০২০

(মোঃ আসাদুল ইসলাম)

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং: ৪৫.০০.০০০০.১৪৩.১৪.০০৫.১৮-৭৫

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪২৬
০৪ জুন ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক প্রতিবেদন প্রণাসন-৪ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. অতিরিক্ত সচিব (হাসপাতাল/প্রশাসন/উন্নয়ন/জনস্বাস্থ্য/বিশ্বস্বাস্থ্য/নার্সিং ও মিডওয়াইফারী/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/বাজেট/অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা/মহাপরিচালক অটিজম সেল/ঔষধ প্রশাসন অনুবিভাগ/সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতি:

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ ও শৃংখলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

Begam
08/06/2020

(ড. বিলকিস বেগম)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৬২

ই-মেইল monitor@hsd.gov.bd